

চিকিৎসায় এবার বিমান পরিষেবা

স্টাফ রিপোর্টার: কলকাতার এক বেসরকারি হাসপাতাল চিকিৎসা ব্যবস্থা আরও দ্রুত মানুষের কাছে পৌঁছে দিতে এক চমকপ্রদ উদ্যোগ নিল। চিকিৎসার ক্ষেত্রে তারা চালু করতে চলেছে বিমান পরিষেবা। হাসপাতাল সূত্রে জানা যায়, চার আসনের এই বিমান পরিষেবা চালু হয়ে যাবে রবিবার থেকেই। বিমানের মধ্যেই থাকবে অক্সিজেন সহ চিকিৎসার জরুরি সরঞ্জাম। রাজ্য বা রাজ্যের বাইরে থেকে রোগী আনার জন্য ব্যবহার করা হবে এই বিমান। ভাড়া পড়বে ঘন্টায় ১০ হাজার টাকা। জরুরি ক্ষেত্রে এই বিমানেই রোগীর বাড়িতেও পাঠানো হবে চিকিৎসকও।